দৈনিক ইনকিলাব

তারিখ FEB. ৩ 1999
পৃষ্ঠা ৫ কলাম ৭

১১১

### সম্মেলন উদ্বোধনকালে চট্টগ্রাম ভার্সিটির ভিসি

# মুষ্টিমেয় ছাত্রের অশুভ কর্মকাণ্ডের কবল থেকে সংখ্যাগরিষ্ঠ ছাত্রছাত্রীকে নিরাপদ করতে হবে

প্রেস বিজ্ঞপ্তি ঃ একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলার জন্য আমাদেরকে যোগ্যতম জনবল সৃষ্টি করতে হবে। দারিদ্র্য বিমোচন ও বেকারত্ব দূরীকরণের জন্য কাজের সুবিধা করতে হবে। সম্প্রতি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের গণিত ও ভৌত বিজ্ঞান গবেষণা কেন্দ্রে দু'দিনব্যাপী অনুষ্ঠেয় রাসায়নিক পদার্থবিদ্যার উপর তৃতীয় চট্টগ্রাম

আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধনী ভাষণে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর আবদুল মান্নান উপরোক্ত অভিমত ব্যক্ত করেন। তিনি বলেন, বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহে মুষ্টিমেয় ছাত্রের অনাকাংক্ষিত কর্মকাণ্ড ও অশুভ তৎপরতা থেকে সংখ্যাগরিষ্ঠ ছাত্রছাত্রীর শিক্ষাজীবনকে নিরাপদ ও স্বতঃস্ফূর্ত করতে হবে। এর জন্য বিশ্ববিদ্যালয়ে বর্তমানে বিরাজিত শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখা জরুরী। তার জন্য শিক্ষক, ছাত্রছাত্রী ও অভিভাবকদের সময়োচিত তৎপরতা এবং ঐকান্তিক সহযোগিতা অপরিহার্য। তিনি আরও বলেন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের গণিত ও ভৌত বিজ্ঞান গবেষণা কেন্দ্র প্রতিষ্ঠার পর থেকে সরকারী অনুদান ও আর্থিক সীমাবদ্ধতা সত্ত্বেও প্রফেসর জামাল নজরুল ইসলামের একক প্রচেষ্টায় বিশ্ববিদ্যালয়ের গণিত ও ভৌত বিজ্ঞান গবেষণা কেন্দ্র উল্লেখযোগ্য অবদান রেখেছে এবং তিনি আন্তর্জাতিকভাবে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও দেশের জন্য সুনাম বয়ে আনছেন।